ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৪৪৫
আগরতলা,২৩ ডিসেম্বর,২০২৫

**ডাম্পিং গ্রাউন্ড এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্ট পরিদর্শনে রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে মোহনপুর মহকুমার দেবেন্দ্রচন্দ্র নগরে ডাম্পিং গ্রাউন্ড এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্ট পরিদর্শন করেন। রাজ্যপাল বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের বিভিন্ন ইউনিট ঘুরে দেখেন এবং খোঁজখবর নেন। বর্জ্য ব্যবস্থাপনার ক্ষমতা আরও বাড়ানোর জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ দেন। পাশাপাশি রাজ্যপাল কমন বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টও পরিদর্শন করেন। এই প্রকল্পের প্রধান সুজয় কর হাসপাতালের বর্জ্য বৈজ্ঞানিক পদ্ধতিতে ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত অবহিত করেন।

দুটি জায়গা পরিদর্শনের পর রাজ্যপাল সংবাদমাধ্যমকে বলেন, বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে কেন্দ্রীয় সরকার সতর্ক রয়েছে। তিনি বলেন, ডাম্পিং গ্রাউন্ড এবং বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পটি ক্রমশ উন্নতি করছে। আরও ভালো ব্যবস্থাপনার জন্য তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের পরামর্শ দিয়েছেন। রাজ্যপালের সফরের সময় আগরতলা পুরনিগমের মিউনিসিপ্যাল কমিশনার দিলীপ কুমার চাকমা এবং পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****